বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৬৫.৫২.০০৭.২২.১২

তারিখ: ১১ মাঘ ১৪৩০ / ২৫ জানুয়ারি ২০২৪

বিষয়: স্মার্ট জাতীয় পরিচয়পত্রের চীপস এর নীচে 'বীর মুক্তিযোদ্ধা' সংযোজন বিষয়ে আবেদন গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮ এর ধারা ২(১১) এ মুক্তিযোদ্ধাগণকে 'বীর মুক্তিযোদ্ধা' হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে এবং মুক্তিযোদ্ধা শব্দের পূর্বে সর্বত্র 'বীর' শব্দটি ব্যবহার করা হয়েছে। এ প্রেক্ষিতে একাদশ জাতীয় সংসদের 'মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র ১২ তম সভায় মুক্তিযোদ্ধাদের নামের পূর্বে 'বীর' শব্দটি সংযোজন করার সুপারিশ করা হয় এবং মুক্তিযোদ্ধার আগে 'বীর' শব্দটি ব্যবহারের জন্য সকল সংস্থায় পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। সে অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা হতে বিগত ০৬ সেপ্টেম্বর ২০২০ তারিখে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগে মুক্তিযোদ্ধা শব্দের নামের আগে 'বীর' শব্দটি সংযোজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা হতে গত ২০ অক্টোবর ২০২০ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় সকল ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার নামের পূর্বে 'বীর' শব্দটি ব্যবহারের জন্য প্রজ্ঞাপন জারি করা হয়।

২। গত ১১ অক্টোবর ২০২১ তারিখে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ হতে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবর একটি পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বীর মুক্তিযোদ্ধাগণের জাতীয় পরিচয়পত্রে নামের পূর্বে 'বীর' শব্দটি সংযোজন করার লক্ষ্যে জাতীয় পরিচয়পত্রে যেহেতু বাংলা ও ইংরেজি উভয় নাম উল্লেখ থাকে সেক্ষেত্রে 'বীর' এর ইংরেজি প্রতিশব্দ কী হবে সে বিষয়ে নির্দেশনা চাওয়া হয়। এছাড়া নামের পূর্বে 'বীর' এর পরিবর্তে 'বীর মুক্তিযোদ্ধা' শব্দটি ব্যবহার করা যাবে কিনা এবং 'বীর মুক্তিযোদ্ধা'র ইংরেজি প্রতিশব্দ কী হবে সে বিষয়েও নির্দেশনা চাওয়া হয়। এ বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে সরাসরি কোন পত্র প্রেরণ না করে গত ২৫ নভেম্বর ২০২১ তারিখে 'বীর মুক্তিযোদ্ধা' এর ইংরেজি প্রতিশব্দ 'Heroic Freedom Fighter' ব্যবহার করার নির্দেশনা প্রদান করে প্রজ্ঞাপন জারী করা হয়।

৩। এছাড়া গত ১৪ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত নির্বাচন কমিশনের ৮৭/২০২১ তম সভায় স্মার্ট জাতীয় পরিচয়পত্রে বীর মুক্তিযোদ্ধাদের নামের পূর্বে 'বীর মুক্তিযোদ্ধা' লিপিবদ্ধ করার উদ্যোগ নিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। ১৮ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত নির্বাচন কমিশনের ৯২/২০২১ তম সভায় 'বীর মুক্তিযোদ্ধা' সংযোজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বীর মুক্তিযোদ্ধাদের নামের পূর্বে 'বীর মুক্তিযোদ্ধা' সংযোজন করা হলে পাসপোর্ট প্রস্তুতসহ বিদেশ গমন বা বিভিন্ন সম্মানী প্রাপ্যতার ক্ষেত্রে তারা অসুবিধার সম্মুখীন হতে পারেন, এই বিবেচনায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে আলোচনাক্রমে এবং জাতীয় পরিচয়পত্র প্রস্তুতে কারিগরি জ্ঞানসম্পন্ন ব্যক্তিদের মতামত নেয়া সাপেক্ষে বীর মুক্তিযোদ্ধাদের জন্য প্রণীত জাতীয় পরিচয়পত্রে 'বীর মুক্তিযোদ্ধা' শব্দটি নামের পূর্বে না বসিয়ে স্মার্ট জাতীয় পরিচয়পত্রের চীপস্ এর নিচে খালি জায়গায় সংযোজন করার সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। মুক্তিযোদ্ধাগণের স্মার্ট জাতীয় পরিচয়পত্রের চীপস এর নীচে 'বীর মুক্তিযোদ্ধা' শব্দ খচিত স্মার্ট কার্ড প্রদানের জন্য মাননীয় নির্বাচন কমিশন নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করেছেন।

ক) বীর মুক্তিযোদ্ধাগণ 'বীর মুক্তিযোদ্ধা' শব্দ খচিত স্মার্ট জাতীয় পরিচয়পত্র প্রাপ্তির নিমিত্ত উপজেলা/থানা নির্বাচন অফিসে আবেদন দাখিল করবেন। আবেদনর সাথে এতদসংক্রান্ত গেজেটসহ সাম্প্রতিককালে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধাদেরকে প্রদত্ত MIS নম্বরসহ স্মার্ট কার্ড এবং ডিজিটাল সনদ এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;

খ) মাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসারগণ যথাযথ প্রক্রিয়ায় সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসারের মাধ্যমে উক্ত আবেদনসমূহ মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর প্রেরণ করবেন;

গ) আঞ্চলিক/সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসারগণকে একটি অনুষ্ঠানের মাধ্যমে মাসিক/ত্রৈমাসিকভাবে বীর মুক্তিযোদ্ধাদের স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণের উদ্যোগ গ্রহণ করবেন;

ঘ) বিতরণের ক্ষেত্রে ম্যানুয়ালি রেজিস্ট্রারে এবং ডিজিটালি এনআইডি সিস্টেমে প্রাপ্তি স্বীকারের ব্যবস্থা গ্রহণ করবেন;

৫। এমতাবস্থায়, উক্ত বিষয়ে মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ জানানো হ'ল।

২৫।১।২০২৪

(মোঃ রশিদ মিয়া)
উপ-পরিচালক (তথ্য অনুসন্ধান)
ফোন: ০২-৫৫০০৭৪৫২
ইমেইল: ad_ir@ecs.gov.bd

১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,..................(সকল)
২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,..................(সকল)
৩। উপজেলা/থানা নির্বাচন অফিসার,..................(সকল)

নং- ১৭.০০.০০০০.০৬৫.৫২.০০৭.২২.১২

তারিখ: ১১ মাঘ ১৪৩০ / ২৫ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
২. প্রকল্প পরিচালক (আইডিইএ প্রকল্প, পর্যায়-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৩. যুগ্মসচিব,...................................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৪. পরিচালক, ................................ (সকল), জাতীয় পরিচয় নিবড়ন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব.............................. এঁর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ রশিদ মিয়া)
উপ-পরিচালক (তথ্য অনুসন্ধান)
ফোন: ০২-৫৫০০৭৪৫২
ইমেইল: ad_ir@ecs.gov.bd

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৬৫.৫২.০০৭.২২.১২

তারিখ: ১১ মাঘ ১৪৩০ / ২৫ জানুয়ারি ২০২৪

বিষয়: স্মার্ট জাতীয় পরিচয়পত্রের চীপস এর নীচে 'বীর মুক্তিযোদ্ধা' সংযোজন বিষয়ে আবেদন গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮ এর ধারা ২(১১) এ মুক্তিযোদ্ধাগণকে 'বীর মুক্তিযোদ্ধা' হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে এবং মুক্তিযোদ্ধা শব্দের পূর্বে সর্বত্র 'বীর' শব্দটি ব্যবহার করা হয়েছে। এ প্রেক্ষিতে একাদশ জাতীয় সংসদের 'মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র ১২ তম সভায় মুক্তিযোদ্ধাদের নামের পূর্বে 'বীর' শব্দটি সংযোজন করার সুপারিশ করা হয় এবং মুক্তিযোদ্ধার আগে 'বীর' শব্দটি ব্যবহারের জন্য সকল সংস্থায় পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। সে অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা হতে বিগত ০৬ সেপ্টেম্বর ২০২০ তারিখে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগে মুক্তিযোদ্ধা শব্দের নামের আগে 'বীর' শব্দটি সংযোজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা হতে গত ২০ অক্টোবর ২০২০ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় সকল ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার নামের পূর্বে 'বীর' শব্দটি ব্যবহারের জন্য প্রজ্ঞাপন জারি করা হয়।

২। গত ১১ অক্টোবর ২০২১ তারিখে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ হতে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবর একটি পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বীর মুক্তিযোদ্ধাগণের জাতীয় পরিচয়পত্রে নামের পূর্বে 'বীর' শব্দটি সংযোজন করার লক্ষ্যে জাতীয় পরিচয়পত্রে যেহেতু বাংলা ও ইংরেজি উভয় নাম উল্লেখ থাকে সেক্ষেত্রে 'বীর' এর ইংরেজি প্রতিশব্দ কী হবে সে বিষয়ে নির্দেশনা চাওয়া হয়। এছাড়া নামের পূর্বে 'বীর' এর পরিবর্তে 'বীর মুক্তিযোদ্ধা' শব্দটি ব্যবহার করা যাবে কিনা এবং 'বীর মুক্তিযোদ্ধা'র ইংরেজি প্রতিশব্দ কী হবে সে বিষয়েও নির্দেশনা চাওয়া হয়। এ বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে সরাসরি কোন পত্র প্রেরণ না করে গত ২৫ নভেম্বর ২০২১ তারিখে 'বীর মুক্তিযোদ্ধা' এর ইংরেজি প্রতিশব্দ 'Heroic Freedom Fighter' ব্যবহার করার নির্দেশনা প্রদান করে প্রজ্ঞাপন জারী করা হয়।

৩। এছাড়া গত ১৪ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত নির্বাচন কমিশনের ৮৭/২০২১ তম সভায় স্মার্ট জাতীয় পরিচয়পত্রে বীর মুক্তিযোদ্ধাদের নামের পূর্বে 'বীর মুক্তিযোদ্ধা' লিপিবদ্ধ করার উদ্যোগ নিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। ১৮ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত নির্বাচন কমিশনের ৯২/২০২১ তম সভায় 'বীর মুক্তিযোদ্ধা' সংযোজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বীর মুক্তিযোদ্ধাদের নামের পূর্বে 'বীর মুক্তিযোদ্ধা' সংযোজন করা হলে পাসপোর্ট প্রস্তুতসহ বিদেশ গমন বা বিভিন্ন সম্মানী প্রাপ্যতার ক্ষেত্রে তারা অসুবিধার সম্মুখীন হতে পারেন, এই বিবেচনায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে আলোচনাক্রমে এবং জাতীয় পরিচয়পত্র প্রস্তুতে কারিগরি জ্ঞানসম্পন্ন ব্যক্তিদের মতামত নেয়া সাপেক্ষে বীর মুক্তিযোদ্ধাদের জন্য প্রণীত জাতীয় পরিচয়পত্রে 'বীর মুক্তিযোদ্ধা' শব্দটি নামের পূর্বে না বসিয়ে স্মার্ট জাতীয় পরিচয়পত্রের চীপস্ এর নিচে খালি জায়গায় সংযোজন করার সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। মুক্তিযোদ্ধাগণের স্মার্ট জাতীয় পরিচয়পত্রের চীপস এর নীচে 'বীর মুক্তিযোদ্ধা' শব্দ খচিত স্মার্ট কার্ড প্রদানের জন্য মাননীয় নির্বাচন কমিশন নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করেছেন।

ক) বীর মুক্তিযোদ্ধাগণ 'বীর মুক্তিযোদ্ধা' শব্দ খচিত স্মার্ট জাতীয় পরিচয়পত্র প্রাপ্তির নিমিত্ত উপজেলা/থানা নির্বাচন অফিসে আবেদন দাখিল করবেন। আবেদনর সাথে এতদসংক্রান্ত গেজেটসহ সাম্প্রতিককালে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধাদেরকে প্রদত্ত MIS নম্বরসহ স্মার্ট কার্ড এবং ডিজিটাল সনদ এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;

খ) মাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসারগণ যথাযথ প্রক্রিয়ায় সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসারের মাধ্যমে উক্ত আবেদনসমূহ মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর প্রেরণ করবেন;

গ) আঞ্চলিক/সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসারগণকে একটি অনুষ্ঠানের মাধ্যমে মাসিক/ত্রৈমাসিকভাবে বীর মুক্তিযোদ্ধাদের স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণের উদ্যোগ গ্রহণ করবেন;

ঘ) বিতরণের ক্ষেত্রে ম্যানুয়ালি রেজিস্ট্রারে এবং ডিজিটালি এনআইডি সিস্টেমে প্রাপ্তি স্বীকারের ব্যবস্থা গ্রহণ করবেন;

৫। এমতাবস্থায়, উক্ত বিষয়ে মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ জানানো হ'ল।

(মোঃ রশিদ মিয়া)
উপ-পরিচালক (তথ্য অনুসন্ধান)
ফোন: ০২-৫৫০০৭৪৫২
ইমেইল: ad_ir@ecs.gov.bd

১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,..................(সকল)
২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,..................(সকল)
৩। উপজেলা/থানা নির্বাচন অফিসার,..................(সকল)

নং- ১৭.০০.০০০০.০৬৫.৫২.০০৭.২২.১২

তারিখ: ১১ মাঘ ১৪৩০ / ২৫ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
২. প্রকল্প পরিচালক (আইডিইএ প্রকল্প, পর্যায়-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৩. যুগ্মসচিব,..................................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৪. পরিচালক, ................................ (সকল), জাতীয় পরিচয় নিবড়ন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব.............................. এঁর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৫/০১/২০২৪

(মোঃ রশিদ মিয়া)
উপ-পরিচালক (তথ্য অনুসন্ধান)
ফোন: ০২-৫৫০০৭৪৫২
ইমেইল: ad_ir@ecs.gov.bd